গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
ফোনঃ ০২-৯৫৬২৭৯৫ ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৩৪.১৫/৯৭৭ হি-১ তারিখঃ ২১/০১/১৪২৩ বঃ, ০৪/০৫/২০১৬ খ্রিঃ

বরাবর,
তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা।

বিষয় ঃ ২০১৫-২০১৬ আর্থিক সালে হিসাবের কোড নং-৩-৩২৫১-০০০০-৪৯২৩-সরকারি স্থাপনা মেরামত ও সংরক্ষণ খাতের অন্তর্ভুক্ত 'থোক' -এ সংরক্ষিত ২৬৫৫.৭০ লক্ষ টাকা হইতে ২২.৬৯৪৮ লক্ষ টাকা বরাদ্দ।

উপরোক্ত বিষয়ে বর্ণিত খাতে চলতি ২০১৫-২০১৬ আর্থিক সালে নিম্ন বর্ণিত কাজের বিভাজন মোতাবেক খরচ করিবার জন্য মোট= ২২,৬৯,৪৮০/-(বাইশ লক্ষ উনসত্তর হাজার চারশত আশি) টাকা মাত্র বরাদ্দ করা হইল ঃ

| ক্রম | কাজের নাম | অর্থ বরাদ্দ | | | |
|---|---|---|---|---|---|
| | | টাকার পরিমাণ | গণপূর্ত সার্কেল | গণপূর্ত বিভাগ | গৃহায়ন কর্তৃক মঞ্জুরীর স্মারক নং ও তারিখ |
| ১। | ঢাকার গুলশানস্থ রোড নম্বর ১১৩, বাড়ী নম্বর বি-৫, আইন মন্ত্রী মহোদয়ের সরকারী বাসভবনের অভ্যন্তরীণ সি.সি কম্পাউন্ড সংস্কার, সীমানা প্রাচীরের উপর নেট, কোয়ার্টারের ছাদ, টি-ঘর নবায়নসহ আনুষঙ্গিক কাজ (মাননীয় আইন মন্ত্রীর জনাব আনিসুল হক)। | ১৫,০৭,১৪৯/- | ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা | নগর গণপূর্ত বিভাগ, ঢাকা | স্মারক নং-/৪০৪ তারিখ ০৩/০৩/২০১৬ |
| ২। | জিগাতলা বাজার কলোনীর ভবন নম্বর ৩ এর ছাদ দিয়ে পানি পড়া রোধকল্পে পুরাতন নষ্ট হওয়া জলছাদ তুলে নতুন করে পেটেন্ট ষ্টোন ঢালাই করণ ও ভবনের বাহিরের অংশে রং করণসহ আনুষংগিক মেরামত কাজ। | ৭,৬২,৩৩১/- | ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা | ঢাকা গণপূর্ত বিভাগ-২, ঢাকা | স্মারক নং-/৪৮৩ তারিখ ২৮/০৩/২০১৬ |
| | মোট= | ২২,৬৯,৪৮০/- | -- | -- | -- |

- উক্ত খরচ উপ সচিব, বাজেট অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর যথাক্রমে স্মারক নং-/৪০৪ তারিখ ০৩/০৩/২০১৬ এবং নং-/৪৮৩ তারিখ ২৮/০৩/২০১৬ এর দ্বারা মঞ্জুরীকৃত এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য়-১২তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর যথাক্রমে স্মারক নং-/১০৭৮ তারিখ ১৩/০৩/২০১৬ এবং নং-/১১১৭ তারিখ ১৭/০৪/২০১৬ এর দ্বারা প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর নিকট পৃষ্ঠাংকনের মাধ্যমে ন্যস্তকৃত মোট =২২,৬৯,৪৮০/-টাকা ২০১৫-২০১৬ আর্থিক সালের হিসাবের কোড নং-৩-৩২৫১-০০০০-৪৯২৩-সরকারি স্থাপনা মেরামত ও সংরক্ষণ খাতের অন্তর্ভুক্ত 'থোক'-এ সংরক্ষিত বাজেট বরাদ্দ ২৬৫৫.৭০ লক্ষ টাকা হইতে সংকুলান/বহন করিতে হইবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করিতে হইবে।

এই অর্থ বরাদ্দ সম্পর্কে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার সম্মতি রহিয়াছে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করিবার নিমিত্তে সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীর এর নিকট পুনঃ বরাদ্দ প্রদান করিয়া অত্র অধিদপ্তরকে অবহিত করিতে অনুরোধ করা যাইতেছে। উক্ত অর্থ খরচ করিবার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করিতে হইবে ঃ

শর্তসমূহ ঃ-

ক) ছাড়কৃত অর্থ অনুমোদিত প্রাক্কলন অনুসারে ব্যয় করিতে হইবে।
খ) এই অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA,2006 এবং PPR,2008 (সংশোধনীসহ) এবং অর্থ বিভাগের ১৮/০১/২০১০ তারিখের অম/অবি/বা-১/বিবিধ(৩৮)/২০০৭/১০ নম্বর পরিপত্রের বিধানাবলী যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করিতে হইবে।
গ) এই অর্থ দ্বারা পূর্ববর্তী বছর/ বছরসমূহের কোন কাজের বকেয়া পরিশোধ করা যাইবে না।
ঘ) এই অর্থ ব্যয়ের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত গণপূর্ত অধিদপ্তরের ২০১৫-২০১৬ অর্থ বছরের বার্ষিক ব্যয় বিভাজনে অন্তর্ভুক্ত সুনির্দিষ্ট ১৬,৪৪২টি কাজের সাথে দ্বৈততা পরিহার করিতে হইবে এবং অনুমোদিত ব্যয় প্রাক্কলন অনুসারে ব্যয় করিতে হইবে।
ঙ) এই অর্থ ব্যয়ের ক্ষেত্রে মন্ত্রণালয়ের চলমান প্রকল্প/ কর্মসূচির সাথে দ্বৈততা পরিহার করিতে হইবে।
চ) এই অর্থ ব্যয়/ বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হইলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকিবেন।
ছ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে অত্র দপ্তরে সমর্পণ করিতে হইবে।

(মোসলেহ্ উদ্দীন আহাম্মদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্স ঃ ৯৫৫৪৬২৪
se_coord@pwd.gov.bd

চলমান পাতা-২

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৪৪.১৫/১৭৭/২(১৭) হি-১ তারিখঃ ২১/০১/১৪২৬ বঃ / ০৪/০৫/২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন, ঢাকা।

৩। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

৪। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মনিটরিং এন্ড অডিট), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৬। উপ সচিব, বাজেট অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইহা পূর্ব পৃষ্ঠায় বর্ণিত তাহার স্মারক ও তারিখের প্রেক্ষিতে।

৭। উপ সচিব, বাজেট অধিশাখা-২৪, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৯। নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-২, ঢাকা/ নগর গণপূর্ত বিভাগ, ঢাকা।

১০। নির্বাহী প্রকৌশলী (ই/এম), এম.আই.এস সেল, রুম নং-৫১৬, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা। ইহা পূর্ব পৃষ্ঠায় বর্ণিত তাহার স্মারক ও তারিখের প্রেক্ষিতে।

১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১৩। তত্ত্বাবধায়ক, উন্নয়ন শাখা-৩, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১৪। গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

০৪/০৫/১৯

(মোসলেহ্ উদ্দীন আহাম্মদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্স ঃ ৯৫৫৪৬২৪
se_coord@pwd.gov.bd

০৪/০৫/১৯

০৪/০৫/১৯